

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় :- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদসমূহের নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

১। বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
মেট্রন টাঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ জিপিএ-৫ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ সহ স্নাতক পাস হতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।

২। পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট

স্টোর কিপার (পুনঃবিজ্ঞপ্তি) টাঃ ৯৩০০-২২,৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৫ স্কেলে ৩.০০ এবং রসায়ন বিষয়সহ বি.এস.সি/বি.এস.সি অনার্স পরীক্ষায় ন্যূনতম ৪ স্কেলে ২.৭৫ থাকতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
--	-------	---

৩। পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস

অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯৩০০-২২,৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে এস.এস.সি/এইচ.এস.সি/সমমানে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ সহ স্নাতক পাস হতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
---	-------	---

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রার-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবর লিখিত আবেদনপত্র আগামী ১৬-০১-২০২২ খ্রিস্টাব্দ/০২-১০-১৪২৮ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র প্রাধ্যক্ষ, বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র পরিচালক, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে এবং ক্রমিক-৩ এর আবেদনপত্র পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে।

চাকরির প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।